ফ্যাক্স/ইমেইল

প্রেরকঃ বাংলাদূত, লস এঞ্জেলস, যুক্তরাষ্ট্র।

প্রাপকঃ পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

নম্বরঃ এলএ/সিজি/কনস-০২/০৯

তারিখঃ ১৭ ফেব্রুয়ারি ২০২৫

প্রতি পরিচালক (জনকূটনীতি) হতে মিনিস্টার (স্থানীয়)

পররাষ্ট্র মন্ত্রণালয়ের ফ্যাক্সবার্তা নম্বর:১৯.০০.০০০০.৬২৫.০২.০০৩.২২/৪৫ তারিখ ১২ ফেব্রুয়ারি ২০২৫ মোতাবেক বাংলাদেশ কনস্যুলেট জেনারেল অব লস এঞ্জেলস "তারুণ্যের উৎসব ২০২৫" উদযাপনে বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক দু'টি অনুষ্ঠান আয়োজন করেছে। প্রদত্ত ছক অনুযায়ী উক্ত অনুষ্ঠানসমূহের তথ্যাদি নিম্নরূপ:

ইভেন্টের নাম	ইভেন্টের সংখ্যা			অংশগ্রহণকারীর সংখ্যা			অনুষ্ঠানে উপস্থিত ব্যক্তিত্ব(ছবিসহ)
	নারী	পুরুষ	মোট	নারী	পুরুষ	মোট	
Interaction with Students of Idaho University, Moscow	-	-	০১	১৭	২৪	৪১	বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক অফিসের পরিচালক, প্রফেসর, কনসাল জেনারেল, মিনিস্টার ও ছাত্র-ছাত্রীবৃন্দ।
Interaction with Students of University of Sothern California, Los Angeles	-	-	০১	০৩	০৪	০৭	কনসাল জেনারেল, মিনিস্টার, ছাত্র সংগঠনের সভাপতি, সহ-সভাপতি ও সাধারণ সম্পাদক এবং ছাত্র-ছাত্রীবৃন্দ।

৭/২

০২. উল্লেখ্য, যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বাংলাদেশী তরুণ প্রজন্মকে নতুন বাংলাদেশ গড়ার কাজে অনুপ্রাণিত করতে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল "তারুণ্যের উৎসব ২০২৫" উদযাপনে বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক দুটি অনুষ্ঠান আয়োজন করে। এর প্রথমটি অনুষ্ঠিত হয় যুক্তরাষ্ট্রের পশ্চিম উপকূলের Idaho অঙ্গরাজ্যের University of Idaho, Moscow তে। এ উপলক্ষ্যে গত ৮ ফেব্রুয়ারি ২০২৫ উক্ত বিশ্ববিদ্যালয়ে দিনব্যাপী ভ্রাম্যমাণ কনস্যুলার সেবাপ্রদানের পাশাপাশি ছাত্র-ছাত্রীদের সাথে মতবিনিময় করা হয়। কনসাল জেনারেল এসময় শিক্ষার্থীদের উদ্ভাবনী শক্তি ও গবেষণা লব্ধ জ্ঞান দেশ গঠনে কাজে লাগানোর আহবান জানান। বাংলাদেশের বিশ্ববিদ্যালয়ের সাথে Idaho বিশ্ববিদ্যালয়ের পারস্পরিক সহযোগিতার বিষয় নিয়েও আলোচনা করা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক কার্যক্রম অফিসের পরিচালক মিজ ডানা ব্রোলে উপস্থিত ছিলেন।

০৩. তারুণ্যের উৎসবের ধারাবাহিকতায় লস এঞ্জেলেস্থ ইউনিভার্সিটি অব সাউদার্ন ক্যালিফোর্নিয়ায় বাংলাদেশ স্টুডেন্ট এসোসিয়েশনের প্রতিনিধিদের সাথে কনস্যুলেট প্রাঙ্গণে একটি মতবিনিময় সভা হয়। ক্যালিফোর্নিয়ায় অধ্যয়নরত প্রতিভাবান বাংলাদেশী শিক্ষার্থীদের পড়াশোনার সাথে সাথে বাংলাদেশের সমৃদ্ধ ঐতিহ্য ও সংস্কৃতিকে বিশ্বদরবারে তুলে ধরতে বাংলাদেশ স্টুডেন্ট অ্যাসোসিয়েশনকে কনসাল জেনারেল অনুরোধ করেন। এ ব্যাপারে কনস্যুলেটের পক্ষ থেকে সকল সহযোগিতার আশ্বাস দেয়া হয়।

০৪. সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

(সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক)

আল ইমাম
২৭/০২/২০২৫

(মোহাম্মদ আল আলেমুল ইমাম)

মিনিস্টার (স্থানীয়)


University of Idaho
PUMA


USC